



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd



নং- ০৭.০৩.০০০০.০০২.১৭.০০২.২২-৭৩৮

তারিখ: ০৯-আষাঢ়-১৪২৯ব:
২৩-জুন-২০২২খ্রি.

বিষয়ঃ হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের ১৬তম গ্রেডভুক্ত জুনিয়র অডিটর এর শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে বিগত ০১/০৪/২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত MCQ প্রিলিমিনারী পরীক্ষায় সাময়িকভাবে উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণের সময়সূচী এবং পরীক্ষার কেন্দ্র সংক্রান্ত বিজ্ঞপ্তি।


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের ১৬তম গ্রেডভুক্ত জুনিয়র অডিটর এর শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে বিগত ০১/০৪/২০২২খ্রি. তারিখে অনুষ্ঠিত MCQ প্রিলিমিনারী পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্য হতে ৫৪০০ জন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য সাময়িকভাবে নির্বাচিত হয়েছেন।

সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীদের লিখিত পরীক্ষা আগামী ২২/০৭/২০২২খ্রি. তারিখ রোজ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকা হতে ১১.৩০ ঘটিকা পর্যন্ত নিম্নোক্ত কেন্দ্র অনুষ্ঠিত হবে।

ক্রমিক নং	পরীক্ষা কেন্দ্রের নাম	প্রারম্ভ রোল	শেষ রোল	মোট প্রার্থী সংখ্যা
০১.	বিএএফ শাহীন কলেজ ঢাকা, বীরশ্রেষ্ঠ শহীদ জাহাংগীর গেট, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।	১২০০০০০৬০	১২০৩৭৮৯৪০	৫৪০০

- লিখিত পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীর নামে নতুন করে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না। MCQ পরীক্ষার জন্য ইস্যুকৃত প্রবেশপত্র লিখিত ও মৌখিক পরীক্ষায় ব্যবহৃত হবে। কাজেই MCQ পরীক্ষার জন্য অনলাইনে গৃহীত প্রবেশপত্রসহ প্রত্যেক প্রার্থীকে কেন্দ্রে উপস্থিত হতে হবে। প্রবেশপত্রে মুদ্রিত নির্দেশনা পরিপূর্ণভাবে অনুসরণ করতে হবে।
- কোন প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে/চুরি হয়ে গেলে হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের ওয়েব সাইট (www.cga.gov.bd) এবং টেলিটকের ওয়েবসাইট : <http://cga.teletalk.com.bd> হতে পুনরায় ডাউনলোড করতে পারবেন।
- পরীক্ষার্থীগণকে সামাজিক দূরত্ব বজায় রেখে সারিবদ্ধভাবে কেন্দ্র প্রবেশ এবং চেকিং কার্যক্রম সম্পন্ন করার সুবিধার্থে পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ০১(এক) ঘন্টা পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। কোন প্রার্থী পরীক্ষা আরম্ভ হওয়ার পর কোনক্রমেই পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না।
- প্রবেশপত্র ব্যতীত অন্য কোন ধরনের কাগজপত্র, বই-পুস্তক, মোবাইল ফোন, স্মার্ট ওয়াচ, মানিব্যাগ, ক্যালকুলেটর বা অন্য কোন ইলেক্ট্রনিক যোগাযোগযন্ত্র ইত্যাদি সামগ্রী পরীক্ষা কেন্দ্রে আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

"মাস্ক" পরিধান ব্যতিরেকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করা যাবে না এবং সরকার কর্তৃক ঘোষিত কোভিড-১৯ সংক্রান্ত সকল স্বাস্থ্য সুরক্ষা বিধি যথাযথভাবে মেনে চলতে হবে।


(মানিক হোসেন)

উপ হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-২)

ও

সদস্য সচিব

বিভাগীয় নির্বাচন কমিটি